বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

সার্কুলার লেটার নং -০১/২০১৭ তারিখ ঃ ১৬-০১-২০১৭ খ্রিঃ

বিষয় ঃ সাব-রেজিস্ট্রার এর কার্যালয় হতে মূল দলিল উত্তোলন প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সাব-রেজিস্ট্রার কার্যালয়, সূত্রাপুর, ঢাকা এর ০৩-০১-২০১৭ তারিখের স্মারক নং-০৩ (৫০) এর মাধ্যমে প্রাপ্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু মুদ্রন পূর্বক প্রেরণ করা হলো।

০৩। যে সকল শাখা/কার্যালয়ে ঋণ ও অগ্রিমের বিপরীতে বন্ধকী সম্পত্তির দলিলের সার্টিফাইড কপি সংরক্ষিত আছে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার কার্যালয় হতে সে সকল দলিলের মূল কপি যথাসময়ে উত্তোলন পূর্বক নথিতে সংরক্ষন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

১৬-০১-২০১৭

( মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-২/৭৫(২)/২০১৬-২০১৭/২২৮৮(১২৫০) তারিখ ঃ ১৬-০১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক (১/২/৩) মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

১৬/০১/২০১৭

( কে. এম. ইউসুফ হারুন )
সহকারী মহাব্যবস্থাপক

এইচ আর এমডি-২
তারিখ :
এজিএম :
এসপিও :
পিও :
ডায়েরী নং :
ডি, জি, এম

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৪২৯ তাং ২১.০১.১৭
★ ডিএমডি-
★ জিএম প্রশাসন
★ ডিজিএম
★ সভায় কার্যপত্র পেশ করুন
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ তারিখ
ব্যবস্থাপনা পরিচালক

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সাব-রেজিস্ট্রার এর কার্যালয়
সূত্রাপুর, ঢাকা।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এর ৮৫ ধারায় উইল ব্যতীত অন্যকোন দলিল ২(দুই) বৎসরের অধিক সময় কোন নিবন্ধন কার্যালয়ে দাবি বিহীন অবস্থায় থাকলে তা বিনষ্ট করার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে মহা-পরিদর্শক, নিবন্ধন মহোদয়ের স্মারক নং-নিপ/রেজিঃ শাখা-৪(ঢাঃ বি)/১১৮১৫(৬১), তারিখ-০৬/১১/২০১৬ইং ও জেলা রেজিস্ট্রার, ঢাকা মহোদয়ের স্মারক নং- ১২১৮৯(১৮), তারিখ- ১৪/১১/২০১৬ইং মূলে প্রদত্ত অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা জেলার সূত্রাপুর সাব-রেজিস্ট্রি অফিসে গত ৩১/১২/২০১০ইং তারিখ পর্যন্ত রেজিস্ট্রিকৃত (২০১২ খ্রিঃ বা এর পূর্ববর্তী সময়ের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সমাপ্তকৃত) যে সকল দলিল (উইল ব্যতিত) বর্তমানে দাবী বিহীন অবস্থায় রয়েছে, যে সকল দলিল আগামী ৩১/০১/২০১৭ইং তারিখের পরে যেকোন সময় বিনষ্ট করা হবে।

এমতাবস্থায় ৩১/১২/২০১০ইং পর্যন্ত রেজিস্ট্রির জন্য গৃহিত যে সকল দলিল অদ্যাবধি সংশ্লিষ্ট পক্ষ ফেরত গ্রহন করেন নাই, সে সকল দলিল ৫২ ধারার মূল রশিদ উপস্থাপনের মাধ্যমে আগামী ৩১/০১/২০১৭ইং তারিখের মধ্যে ফেরত গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং ৫৩৭ তারিখ ২২/০১/১৭
উমম, এইচআরএমডি- ২
উমম, আইসিটি
মহাব্যবস্থাপক

স্বাঃ/-
(মুনিরুল হাসান)
সাব-রেজিস্ট্রার
সূত্রাপুর, ঢাকা।

স্মারক নং- ০৬ (৫০) তারিখ- ০৬.০১.১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। জেলা প্রশাসক, ঢাকা।
২। জেলা রেজিস্ট্রার, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪। সভাপতি/সেক্রেটারী, [redacted]/সূত্রাপুর সাব-রেজিষ্ট্রি অফিস দলিল লেখক সমিতি, ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫। জনাব-------------------------------------------------------------------------------------
৬। নোটিশ বোর্ড।

(মুনিরুল হাসান) ৬/১/১৭
সাব-রেজিস্ট্রার
সূত্রাপুর, ঢাকা।